আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জেরে মটরশুঁটি গাছ পুড়িয়ে দেবার অভিযোগ

আলমডাঙ্গার বিনোদপুর পূর্বশত্রুতার জের ধরে রাতের আধারে লালন আলির ২২ কাঠা জমির মটরশুঁটি গাছ বিষ দিয়ে পুড়িয়ে দেবার অভিযোগ উঠেছে।

ঘটনাটি মঙ্গলবার দিবাগত রাতে ডাউকি ইউনিয়নের বিনোদপুর গ্রামে ঘটেছে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগের প্রস্তুতি চলছিলো।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের বিনোদপুর গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে লালন আলি। গত কয়েক মাস পূর্বে বিনোদপুর মাঠে ২২ কাঠা জমি লিজ নিয়ে মটরশুঁটি চাষ করে। মটরশুঁটি গাছ গুলো প্রাপ্ত বয়স হয়ে ওঠে। ইতো মধ্যে মটরশুঁটি গাছ গুলোতে ফুল আসতে শুরু করেছে।

গত সোমবার বিকেলে মটরশুঁটি ক্ষেত দেখে আসে লালন। মঙ্গলবার সকালে ওই ক্ষেতে গিয়ে দেখতে পায় গাছ গুলো নুয়ে যায়। এতে লালন লিজকৃত জমি সহ ৫০ হাজার টাকার ক্ষতিগ্রস্ত হয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অভিযোগ দায়েরে প্রস্তুতি চলছিলো।

মহাজনপুর ইউপি ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠান

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের ৫,৬,৭,৮,৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার রাত সাড়ে ৭ টার সময় কোমরপুর বাজার প্রাঙ্গনে মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টুর ও উপজেলা সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য আরিফ শাহ এর সঞ্চালনায়, সম্মলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল।

ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযুদ্ধা জিয়াউদ্দিন বিশ্বাস।

প্রধান বক্তা হিসাবে ছিলেন (সাবেক) জেলা পরিষদের প্রশাসক ও (সাবেক) জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ্যাড: মিয়াজান আলী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান।

প্রথম অধিবেশন শেষে ওয়ার্ড আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের মতামতের ভিত্তিতে মহাজনপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডে সিরাজুল ইসলামকে সভাপতি ও মোসারফ হোসেন মিন্টুকে সাধারণ সম্পাদক, ৬ নং ওয়ার্ডে আব্দুল বারিকে সভাপতি ও ফিদু শেখকে সাধারণ সম্পাদক, ৭ নং ওয়ার্ডে ওহিদুজ্জামান দিপুকে সভাপতি ও শফিদুল ইসলাম গাইন কে সাধারণ সম্পাদক এবং ৮ নং ওয়ার্ডের ইসমাঈল হোসেন ইচু কে সভাপতি ও কাবিদুল ইসলাম কে সাধারণ সম্পাদক এবং ৯ নং ওয়ার্ডে আশকার আলিকে সভাপতি ও হাবিবুর রহমানকে সাধারণ সম্পাদক করে সর্বসম্মতিক্রমে এই ৫টি ওয়ার্ডের কমিটি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে চাঞ্চল্যকর চাচা

হত্যা মামলার প্রধান আসামী গ্রেফতার

ঝিনাইদহ হতে চাঞ্চল্যকর চাচা হত্যা মামলার প্রধান আসামী ভাতিজা শহিদুল ইসলামকে গ্রেফতার করেছে র্যাব-৬।

মঙ্গলবার বিকালে র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন তথ্যের ভিত্তিতে জানতে পারে যে, চাঞ্চল্যকর হত্যা মামলার প্রধান আসামী ঝিনাইদহ জেলার সদর থানার কোদালিয়া এলাকায় অবস্থান করছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি একই দিন ২টার দিকে ঝিনাইদহ জেলার সদর থানার কোদালিয়া গ্রামে অভিযান পরিচালনা করে চাঞ্চল্যকর ভাতিজার হাতে চাচা হত্যা মামলার প্রধান আসামী একই উপজেলার জাদবপুর গ্রামের মৃত নিয়ামত আলীর ছেলে মোঃ শহিদুল ইসলাম
(৪৩) কে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত হত্যাকান্ডের সাথে সে জড়িত থাকার বিষয়টি স্বীকার করেন।

উল্লেখ্য যে, গত ১০ জানুয়ারি ঝিনাইদহ জেলার সদর উপজেলার যাদবপুর এলাকায় জমিজমা নিয়ে বিরোধের জের ধরে ভাতিজা শহিদুল ইসলাম এর কোদালের আঘাতে আওলাদ হোসেন (৭০) নামে এক ব্যক্তি নিহত হয়।

এ বিষয়ে ভিকটিমের ছেলে-সাব্দার রহমান (৪৪) বাদী হয়ে ঝিনাইদহ জেলার সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে। উক্ত ঘটনাটি বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হয় এবং জনমনে চাঞ্চল্যের সৃষ্টি করে।

ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং আসামী গ্রেফতারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে। গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

কোটচাঁদপুরে বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে মঙ্গলবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। “ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনায় ন্যায্যতা” এই প্রতিপাদ্যে হসভায় ভোক্তা অধিকার নিশ্চিতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য চাল, ডাল,তৈল সহ যাবতীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের উপর আলোচনা করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগমের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।

এসময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, পৌর আ.লীগের সভাপতি কাজী আলমগীর, সধারণ সম্পদক রিপন মন্ডলসহ নানা শ্রেণীর ব্যবসায়ী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ভোক্তা অধিকার সংরক্ষণ দিবস পালিত

গাংনীতে জাতীয় ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আজ মঙ্গলবার বেলা সাড়ে

১১টার দিকে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত ভোক্তা অধিকার দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাংবাদিক সাহাজুল সাজু প্রমুখ। সভায় ক্রেতা-ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা করা হয়।

মেহেরপুরে তথ্য অধিকার ও নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষ মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুরে “জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য” এই প্রতিপাদ্যে তথ্য অধিকার ও নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা মূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার মুজিবনগর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিনব্যাপি কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে উপজেলা পর্যায়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশাসনের সহযোগিতায় জেলা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্মশালার আয়োজন করে। কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষ, অতিরিক্ত পরিচালক (উপসচিব) মোহাম্মদ আতিকুর রহমান মজুমদার।

কর্মশালায় জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ এর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, মুজিবনগর উপজেলা

সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, সদর ও মুজিবনগর স্যানিটারি ইন্সেপেক্টর তরিকুল ইসলাম, মুজিবনগর বাজার কমিটির সভাপতি কুতুব উদ্দিন প্রমুখ।

কর্মশালায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, হোটেল ব্যবসায়ী ও তরুণ উদ্যোক্তারা অংশ গ্রহন করে।

গাংনী সরকারি মডেল বালিকা বিদ্যালয়ে পিঠা উৎসব

পিঠা বাংলাদেশের সংস্কৃতি আর ঐতিহ্যের এক অবিচ্ছেদ্য অংশ। তবে নগরায়ণের প্রভাবে আজ তা অনেকটাই বিলুপ্তির পথে। অথচ একসময় বাঙালির যেকোনো উৎসব আনন্দে মিশে থাকতো রকমারি পিঠা। যা অনেকটাই হারাতে বসেছে।

এটা শুধু একটি উৎসব নয়, এটা নাগরিক জীবনের যান্ত্রিকতার মাঝে নির্মল আনন্দের খোরাকও। নাগরিক ও ভোগবাদী সমাজের সংস্কৃতিতে এই উৎসব আবহমান বাংলার সংস্কৃতির চিরন্তন উপাদান তুলে ধরার এ আয়োজন অত্যন্ত গুরুত্ব বহন করে। আর এর আয়োজন করেছে মেহেরপুরের গাংনী মডেল সরকারী বালিকা বিদ্যালয়।

আজ মঙ্গলবার দুপুরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালুর সভাপতিত্বে পিঠা উৎসবের উদ্বোধন করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম ।

বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও গাংনী হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক ও সন্ধানী স্কুল এন্ড কলেজের পরিচালক আবু জাফর।

স্টলে স্টলে পিঠার পসরা সাজিয়ে চলছে প্রদর্শনী। দিনব্যাপী আয়োজিত এই উৎসবে ছিলো নানা রকম পিঠার সমাহার। সরগরম উৎসব আঙ্গিনায় পিঠা খাওয়ার দৃশ্যকে স্মৃতিময় করে রাখতে অনেকেই তুলেছেন

সেলফি। স্টলে দৃশ্যমান হলো রকমারি পিঠা-পুলি। ভাপা চিতই, মালপোয়াসহ বাহারি সেসব পিঠার স্বাদ নিতে অনেকেই এসেছিলেন বিদ্যালয়ের আঙ্গিনায়।

অতিথীরা বলেন, পিঠা বাঙালীর চিরায়ত সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ। আবহমান বাংলার এই ঐতিহ্যকে তুলে ধরার লক্ষ্যে মুখরোচক বাহারি পিঠা-পুলি নিয়ে দিনব্যাপী পিঠা উৎসব শুরু হয়।

উৎসবে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ পিঠার স্বাদ উপভোগ করতে বিদ্যালয় প্রাঙ্গনে ভিড় জমায়। উৎসবে অংশ নেয়া শিক্ষার্থীরা অতিথিদের মুখে দৃষ্টি নন্দন বাহারি স্বাদের পিঠা তুলে দেয়। ১০টি স্টলে প্রায় ৫০ রকমের পিঠা সাজানো হয় প্রদশনীর জন্য। প্রতিবছর শীতকালেই জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পিঠা উৎসবে মেতে ওঠে।

হরিনাকুণ্ডুতে ১৫ মার্চ বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত

ডিজিটাল আর্থিক ব্যবস্থায় ন্যায্যতা” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা এর সভাপতিত্বে হরিনাকুণ্ডু সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহমেদ সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন,যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন,আনসার ভিডিপি কর্মকর্তা রিনা খাতুন,হিসাব রক্ষন কর্মকর্তা মো: ফায়ার সার্ভিস স্টেশন মাস্টার জামাল হোসেন,প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, সাবেক সাংগঠনিক কমান্ডার তাহাজ উদ্দীন,নির্বাচন অফিসার নুরু-উল্লাহ,সহকারী বিআর ডিবি কর্মকর্তা আমজাদ হোসেন,প্রেস ক্লাব সভাপতি এইচ মাহাবুব মিলু,সাধারণ সম্পাদক সুদীপ্ত সালাম, যুগ্ম সাধারণ সম্পাদক রাব্বুল হুসাইন,দপ্তর সম্পাদক সোহরাব হোসেন,সাংগঠনিক সম্পাদক জাভেদ হাসান আক্তারসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ ও বিভিন্ন প্রিন্ট

ও ইলেকট্রোনিক মিডিয়ার সাংবাদিকগন প্রমুখ।

বক্তাগণ তাদের বক্তব্যে অধিকার আইন এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তির বিধান উল্লেখ পূর্বক বিস্তারিত আলোকপাত করেন।

এসময় নির্বাহী অফিসার সুস্মিতা সাহা তার বক্তব্যে বলেন, ভোক্তাদের অধিকার নিশ্চিতে বাজার মনিটরিং সহ অসাধু ব্যবসায়ীদের আইনের আনার কথা বলেন, পাশাপাশি প্রেসক্লাব সভাপতি এইচ মাহবুব মিলুর প্রস্তবনায় প্রতি ইউনিয়নে ইউপি চেয়ারম্যানদের সাথে নিয়ে ভোক্তাদের অধিকার বিষয়ে অবহিতকরণ সভা করার কথা বলেন।

স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন মরহুম ছহিউদ্দিন বিশ্বাস

জাতীয় পর্যায়ে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে গৌরবোজ্জল ও কৃতিত্ত্বপূর্ণ অবদান রাখায় স্বাধীনতা পুরস্কার-২০২২ পাচ্ছেন মরহুম ছহিউদ্দিন বিশ্বাস।

মরহুম ছহিউদ্দিন বিশ্বাস জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপির পিতা এবং তৎকালীন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন। তিনি দুই বার সংসদ সদস্য ছিলেন। ১৯৭০ সালের নির্বাচনে এমএলএ নির্বাচিত হয়েছিলেন।

আজ মন্ত্রী পরিষদের বিভাগের এক প্রেস বিজ্ঞিপ্তিতে এ তথ্য জানা গেছে। একই সঙ্গে আরো ৯ ব্যক্তি ও একটি প্রতিষ্ঠান এ পুরস্কারে ভূষিত হয়েছে।

স্বাধীনতা পুরস্কারে ভূষিত অন্যরা হলেন- স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী, শহীদ কর্ণেল নাজমুল হুদা (বীর বিক্রম), আব্দুল জলিল, সিরাজ উদ্দিন আহমেদ, মরহুম সিরাজুল হক, চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. কণক কান্তি বড়ুয়া, অধ্যাপক ডা. মো: কামরুল ইসলাম, সাহিত্যে মরহুম আমির হামজা, স্থাপত্যে স্থপতি সৈয়দ আইনুল হোসেন এবং গবেষণা ও

প্রশিক্ষণে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডাব্লিউএমআরআই)।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ৫ দালাল আটক! জরিমানা আদায়

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে ৫ জন দালাল কে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

মঙ্গলবার দুপুরের দিকে অভিযান পরিচালনা করে চিকিৎসার জন্য আসা রোগীদের হয়রানি ও দালালি করার অভিযোগে দালালচক্রের ৫ জনকে জনকে আটক করা হয়।
সাজাপ্রাপ্তরা হলো মেহেরপুর সদর উপজেলার দিঘির পাড়া এলাকার মৃত দেলোয়ার হোসেনের ছেলে সোহাগ হোসেন, একই এলাকার আজগর আলীর ছেলে সেলিম, ময়ামারি গ্রামের মৃত জামাত আলীর ছেলে শাজাহান, কোর্ট পাড়ার রেজাউল হকের ছেলে মেহেদি এবং গাংনী থানা পাড়ার কোরবান আলীর মেয়ে আরিফা। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাদের নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান।

জানা গেছে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সকল ধরনের চিকিৎসার সুব্যবস্থা থাকলেও এসমস্ত দালালরা রোগীদের কাছ থেকে ব্যবস্থাপত্র নিয়ে তাদের নিজ নিজ ল্যাবে গিয়ে পরীক্ষা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নেয়। এমন খবরের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এসআই সুলতান মাহমুদ এএসআই মো: হেলাল উদ্দিন আহসান হাবীব ও সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর জেনারেল হাসপাতালে অভিযান পরিচালনা করে তাদের আটক করে।
এসময় দঃ বিঃ ১৮১৬ সালের ২৯১ ধারায় শাজাহান আলীর নিকট থেকে ১২শ, সোহাগের নিকট হতে ২৫শ, মেহেদির নিকট থেকে ১৫শ এবং সেলিমের নিকট

থেকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

পরবর্তীতে এমন কাজ না করার শর্তে মুচলেকা দিয়ে তাদেরকে ছেড়ে দেওয়া হয়।